

অমনি চলিল প্রভু রাখাল সঙ্গেতে।  
 দক্ষিণাভিমুখ হ'য়ে চলে সকলেতে।।  
 একবার দৌড়ে যায় দক্ষিণের আলি।  
 উত্তরাভিমুখ পরে চলিল সকলি।।  
 পুনরায় দৌড়ে যায় পশ্চিম আইলে।  
 আরবার পূর্ব আলি চলিল সকলে।।  
 আসে যায় নাচে গায় যেন মল্লযুদ্ধ।  
 নেচে নেচে তিল ভাঙ্গে করে কক্ষবাদ্য।।  
 তিল গাছ ভেঙ্গেচুরে নাচিছে রাখাল।  
 কিয়দংশ গাছে রৈল দুই এক ডাল।।  
 ডালপাতা ভূমিসাৎ হ'ল একাকার।  
 ভেঙ্গে চুরে প'ল সব মুক্তিকা উপর।।  
 এইমত তিল নৃত্যগীত ভঙ্গ করি।  
 পাগল বাহির হৈল বলে হরি হরি।।  
 মহাসংকীর্তনে মহাপীযুষের রস।  
 রসনা রস না পে'য়ে রসনা বিরস।।



## গোস্বামীর ভোজের আয়োজন

নৌকা চলে খাল দিয়া পাগল কিনারে।  
 শীলনার বালারা সে নৌকা টেনে ধরে।।  
 'আজ সবে এই স্থানে করুন বিশ্রাম।  
 কৃতার্থ করুন সবে করি হরিনাম।।'  
 তাহা শুনি সব নৌকা লাগিল কিনারে।  
 বালাদের বাটী নাম সংকীর্তন করে।।  
 বাহির বাটীতে নাম সংকীর্তন হয়।  
 মহাসংকীর্তনে প্রেমবন্যা ব'য়ে যায়।।  
 কেহ কাঁদে কেহ হাসে গড়াগড়ি যায়।  
 হরি হরি হরি হরি হরি হরিময়।।  
 মাতিল তিতিল বক্ষ বহে অশ্রুজল।  
 গোস্বামী ডাকেন 'কোথা রাখালের দল?'

শুনিয়া রাখলগণে দেয় হরিধ্বনি।  
 পাগলের সম্মুখেতে করি জোড় পাণি।।  
 গোস্বামী কীর্তন মাঝে যখন বিরাজে।  
 রাখাল মিশিল এসে কীর্তনের মাঝে।।  
 হাতে 'নড়ি' গোস্বামী দাঁড়াল বাঁকা হ'য়ে।  
 রাখালেরা নাচে সুখে 'আবা ধ্বনি' দিয়ে।।  
 বাল বৃদ্ধ যুবা-প্রৌঢ় কিস্বা নরনারী।  
 ধনীমানী একযোগে বলে হরি হরি।।  
 সংকীর্তন ক্ষান্ত করি সেবা আয়োজন।  
 সবে বলে কিছু পরে করিব ভোজন।।  
 গোস্বামী ঈশ্বরচন্দ্র আছেন সভায়।  
 তার সেবা না হ'লে কি সেবা করা যায়।।  
 বালারা দাঁড়াল এসে গোস্বামীর ঠাই।  
 করজোড়ে বলে পাক করুন গোঁসাই।  
 গোঁসাই চলিল পাক করিবার তরে।  
 পাগল গোঁসাই যান তার সমিভ্যরে।।  
 আবার মাতিল সবে নাম সংকীর্তনে।  
 দুই প্রভু চলিলেন রক্ষন কারণে।।  
 বাহির বাটীতে সবে গান করে যথা।  
 অধিকারী ঠাকুরের হুকা ছিল তথা।।  
 ঠাকুরের বিছানায় বালিস্ হেলানে।  
 এ দিকে মাতিল সবে নাম-সংকীর্তনে।।  
 তার মধ্যে একজন উন্মত্তের ন্যায়।  
 নেচে গেয়ে বালিসের নিকটেতে যায়।।  
 চলিয়া পড়িল গিয়া বালিসের গায়।  
 পদ লাগি 'নচে' কানা ভাঙ্গিল তথায়।।  
 মধ্য বাড়ী ছাড়িয়া বাহির বাড়ী 'নাম'  
 সেইখানে হুকা ভাঙ্গে কীর্তনের ধাম।।  
 পাক করে অন্তঃপুর মধ্যে এক ঘরে।  
 গোলোক ঈশ্বর দুই প্রভু একতরে।।  
 অন্তর্যামী পাগল গজ্জিয়া উঠিয়াছে।  
 কহেন 'গোঁসাই তব হুকা ভাঙ্গিয়াছে।।